গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬,আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)-৫৩৯ তারিখ: ০৫/০৬/২০২৩খ্রি.

# বিজ্ঞপ্তি

বিষয়: খাদ্য অধিদপ্তেরর ১৩-২০ গ্রেডে নিয়োগের নিমিত্ত সাময়িকভাবে নির্বাচিতদের ফলাফল প্রকাশ

খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১১/০৭/২০১৮খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮-১২২৯ নং নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে গৃহীত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে খাদ্য অধিদপ্তেরর ১৩-২০ গ্রেডে চূড়ান্ত নিয়োগের নিমিত্ত সাময়িকভাবে সুপারিশকৃত/ নির্বাচিত প্রার্থীদের ফলাফল খাদ্য মন্ত্রণালয় (www.mofood.gov.bd) ও খাদ্য অধিদপ্তরের (www.dgfood.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হলো। পদভিত্তিক ফলাফলের তালিকা (রোল নম্বরের ক্রমানুসারে) অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।

উল্লেখ্য, সুপারিশকৃত প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে:

(১) নিয়োগের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে।

(২) খাদ্য অধিদপ্তর কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত/নির্বাচিত প্রার্থীদের পরবর্তীকালে কোনো যোগ্যতা বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুল ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারী আইনে সোপর্দ করা হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(৩) সাময়িকভাবে সুপারিশকৃত/নির্বাচিত প্রার্থীদের আগামী ২২/০৬/২০২৩খ্রি. তারিখের মধ্যে "প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম" (পুলিশ ভেরিফিকেশন ফরম) পূরণপূর্বক মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে। দাখিলকৃত "প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম" (পুলিশ ভেরিফিকেশন ফরম) ও প্রার্থীর পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্তে যোগ্য/উপযুক্ত হিসেবে বিবেচিত হওয়া সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে।

(৪) খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী সাময়িকভাবে সুপারিশকৃত/নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার কর্তৃক "উক্ত ব্যক্তির স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে" মর্মে প্রত্যয়ন দাখিল করতে হবে।

(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্য বিষয়ক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে।

(৬) প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৫/০৬/২০২৩

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-২)-৫৩৭(৩৩) তারিখ: ০৫/০৬/২০২৩খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা;
৫) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৭) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সিভিল সার্জনগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য)
৮) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৯) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর
১০) যুগ্ম সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১) পরিচালক, প্রশাসন/ সরবি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১২) পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট;
১৩) জনাব ডঃ এম. এম. লুৎফুল কবীর, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট, ঢাকা;
১৪) জনাব ডঃ মোঃ রুবাইয়াত হোসেন মন্ডল, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট;
১৫) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১৬) উপসচিব, বিধি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭) উপসচিব, অডিট-২ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
২০) অতিরিক্ত পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ;
২২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা;
২৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা;
২৪) সাইলো অধীক্ষক, (সকল)
২৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা;
২৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
২৭) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
২৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
২৯) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
৩০) উপপরিচালক, পিপিটি/তদন্ত ও মামলা/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩১) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ৩টি জাতীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৩২) অফিস কপি;
৩৩) মাস্টার কপি।

০৫/০৬/২০২৩

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি